

উত্তরপত্র / লেকচার -২ (২৭.৬.২০)**ক) এক বাক্যে উত্তর লিখ।**

১. বাংলায় কথা বলার সময় কোন ভাষা ব্যবহার করতে নিষেধ করা হয়েছে?

উত্তর: বাংলায় কথা বলার সময় বিদেশি কোন ভাষা ব্যবহার করতে নিষেধ করা হয়েছে। যেমন: ইংরেজী, উর্দু ইত্যাদি।

২. রাষ্ট্রভাষা বাংলার জন্য কতসালে ছাত্র-ছাত্রীরা মিছিল করেছিল?

উত্তর: রাষ্ট্রভাষা বাংলার জন্য ১৯৫২সালে ছাত্র-ছাত্রীরা মিছিল করেছিল।

৩. কিসের দাবিতে ছাত্র-ছাত্রীরা আন্দোলন করেছিল?

উত্তর: বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ছাত্র-ছাত্রীরা আন্দোলন করেছিল।

৪. কবিতাংশে মোদের বলতে কাদের বোঝানো হয়েছে?

উত্তর: কবিতাংশে মোদের বলতে বাঙালি সাধারণ মানুষের কথা বোঝানো হয়েছে।

৫. কামাররা কী করে?

উত্তর: কামাররা লোহা দিয়ে নানা রকম জিনিস তৈরি করে। যেমন: কুড়াল, দা, বটি ইত্যাদি।

৬. চাষা কাদের বলে?

উত্তর: যারা কৃষিকাজ করেন অর্থাৎ জমি চাষ করে তাদের চাষা বলা হয়।

৭. জ্ঞানী কাকে বলে?

উত্তর: যাঁর অনেক জ্ঞান তাঁকে জ্ঞানী বলা হয়।

৮. সাঁঝের মায়া কোন ধরনের রচনা?

উত্তর: সাঁঝের মায়া হলো এক ধরনের কাব্যগ্রন্থ।

খ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।

১. কীভাবে আমরা বাংলা ভাষা পেয়েছি?

উত্তর: বাংলা ভাষা আমরা আমাদের পূর্ব পুরুষদের কাছ থেকে পেয়েছি। তবে এ ভাষায় স্বাধীনভাবে কথা বলা এবং অফিস আদালতে চর্চার সুযোগ পেয়েছি অনেক শহীদের রক্তের বিনিময়ে। ১৯৫২ সালে ভাষা আন্দোলনের ফলে আমরা বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে পেয়েছি। তাই এই বাংলা ভাষার মূল্য আমাদের কাছে অনেক বেশি।

২. কীভাবে আমার বাংলা ভাষা রক্ষা করব?

উত্তর: যেহেতু অনেক সংগ্রাম, আন্দোলন এবং অনেক শহীদের রক্তের বিনিময়ে আমরা আমাদের বাংলা ভাষাকে পেয়েছি তাই আমাদের উচিত বাংলা ভাষাকে রক্ষা করা। কালের পরিক্রমায় যেন এর মর্যাদা ক্ষুণ্ণ না হয় সেজন্য আমাদের বাংলা ভাষার শুদ্ধ চর্চা বাড়াতে হবে। বাংলা ভাষার সাথে মিশিয়ে অন্য কোন বিদেশী ভাষা ব্যবহার বর্জন করতে হবে। তবেই বাংলা ভাষা রক্ষা করা সম্ভব।

ঘ) বড় প্রশ্ন (নিজের মতো বুঝে বানিয়ে লিখ) ।

১. মোদের বাংলা ভাষা কবিতার মূলভাব লিখ ।

উত্তর: আমাদের মাতৃভাষা বাংলা সম্বন্ধে এই কবিতাটি লেখা হয়েছে । আমরা বাংলা ভাষার কথা বলি । আমাদের বাবা-মা, দাদা-দাদি, নানা-নানি, ঠাকুরদা-ঠাকুমা সকলেই বাংলায় কথা বলেন । দেশের সব মানুষই বাংলায় কথা বলেন । রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ১৯৫২ সালে ছাত্র-ছাত্রীরা মিছিল করেছিল, হরতাল করেছিল । তখন তাঁদের ওপর পুলিশ গুলি চালায় । গুলিতে ছাত্রসহ অনেকেই মারা যান । মাতৃভাষার চেয়ে প্রিয় আর কোন ভাষা হতে পারে না । বাংলাদেশের সব মানুষের ইচ্ছা, আশা ও আকাঙ্ক্ষা মাতৃভাষাতেই ভালোভাবে প্রকাশ করা যায় । তাই বাংলায় কথা বলার সময় বিদেশি ভাষা ব্যবহার না করা ভালো ।

২. বাংলা ভাষার সম্মান আমরা কীভাবে রক্ষা করব তা বর্ণনা কর ।

উত্তর: যেহেতু অনেক সংগ্রাম, আন্দোলন এবং অনেক শহীদের রক্তের বিনিময়ে আমরা আমাদের বাংলা ভাষাকে পেয়েছি তাই আমাদের উচিত বাংলা ভাষার সম্মান রক্ষা করা । কালের পরিক্রমায় যেন এর মর্যাদা ক্ষুণ্ণ না হয় সেজন্য আমাদের বাংলা ভাষার শুদ্ধ চর্চা বাড়াতে পারি । বাংলা ভাষার সাথে মিশিয়ে অন্য কোন বিদেশি ভাষা ব্যবহার বর্জনে নিজে সচেতন থাকার পাশাপাশি কাছের মানুষদেরও সচেতন করে তুলতে হবে ।

নতুন প্রজন্ম যাতে বাংলা ভাষা চর্চায় আগ্রহী হয় এজন্য তাদের মাঝে ভাষা আন্দোলনের ইতিহাস পৌঁছে দেয়ায় সবাইকে উদ্যোগী হতে হবে । জানাতে হবে এই করণ ইতিহাস এবং অর্জনের গল্প তবেই বাংলা ভাষার সম্মান রক্ষা করা সম্ভব । কেননা নতুন প্রজন্মই বয়ে নিয়ে যাবে এই ইতিহাস তাদের পরবর্তী প্রজন্মের কাছে এবং চর্চায় উদ্বুদ্ধ করবে প্রিয় বাংলা ভাষার ।

৩. ১৯৫২ সালের ভাষা আন্দোলন সম্পর্কে যা জান লিখ ।

উত্তর: শিক্ষার্থীরা বানিয়ে লিখবেন । তাদের সুবিধার জন্য নিচে কিছু শব্দ দেয়া হলো-

বাঙালি, বাংলা ভাষা, ভালোবাসা, মনের ভাব, পাকিস্তান, উর্দু ভাষা, ১৯৫২ সাল, ভাষা আন্দোলন, ছাত্র-ছাত্রী, পুলিশ, মিছিল, হরতাল, গুলি, শহিদ, অর্জন, রাষ্ট্রভাষা ।